

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.৫৯৫.২০১৫- ২৪

তারিখ : ০৬/০৭/১৬


বিষয় : রীট পিটিশন নং-১২৫৬০/২০১৫, বাদী জনাব মোহাম্মদ শওকত হাসেম, কাউন্সিলর, ওয়ার্ড নং-১২ (সাধারণ ওয়ার্ড), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, পিতা-মৃত আবুল হাসেম, ১০২ নং ডন চেম্বার, খানপুর মেইন রোড, নারায়ণগঞ্জ-বনাম-সরকার ও অন্যান্য মামলায় প্রতিদ্বন্দ্বিতাকরণ সংক্রান্ত।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ১২নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোহাম্মদ শওকত হাসেমকে সাময়িকভাবে বরখাস্ত করার আদেশকে চ্যালেঞ্জ করে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১২৫৬০/২০১৫ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত শোকজ প্রদান পূর্বক প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

৩। বর্ণিত রীট পিটিশনে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : রুলের কপি।


(মোঃ ইশান আলী রাজা বাঙালী)
উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫।

Email-ishanaliraja@gmail.com

- ১। প্রধান নির্বাহী কর্মকর্তা
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
নারায়ণগঞ্জ।
- ২। জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।
- ৩। উপসচিব (সিঃকঃ-২)
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মেয়র, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।